# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৬৯

পর্ব-৩: হায়য ও ইস্তিহাযাহ্ প্রসঙ্গে (كِتَاب الْحَيْضِ وَالِاسْتِحَاضَةِ)

পরিচ্ছেদঃ ৮: হায়যগ্রস্ত স্ত্রীর সাথে যা করা জায়িয এবং আল্লাহ তা'আলার নিম্নোক্ত বাণীর ব্যাখ্যা- “লোকে তোমাকে রক্তস্রাব সম্পর্কে জিজ্ঞেস করে। বলে দাও, তা অশুচি। সুতরাং তোমরা রক্তস্রাবকালে স্ত্রী-সঙ্গম বর্জন করবে।” (সূরা আল বাক্বারাহ ২: ২২২)

باب ما ينال من الحائض وتأويل قول الله عز وجل ويسألونك عن المحيض قل هو أذى فاعتزلوا النساء في المحيض الآية

---

আরবী

أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، قال: أَنْبَأَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ، قال: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، عَنْ ثَابِتٍ، عَنْ أَنَسٍ، قال: كَانَتْ الْيَهُودُ إِذَا حَاضَتِ الْمَرْأَةُ مِنْهُمْ لَمْ يُؤَاكِلُوهُنَّ وَلَا يُشَارِبُوهُنَّ وَلَا يُجَامِعُوهُنَّ فِي الْبُيُوتِ، فَسَأَلُوا النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَأَنْزَلَ اللَّهُ عَزَّ وَجَلَّ وَيَسْأَلُونَكَ عَنِ الْمَحِيضِ قُلْ هُوَ أَذًى سورة البقرة آية 222 الْآيَةَ، فَأَمَرَهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يُؤَاكِلُوهُنَّ وَيُشَارِبُوهُنَّ وَيُجَامِعُوهُنَّ فِي الْبُيُوتِ، وَأَنْ يَصْنَعُوا بِهِنَّ كُلَّ شَيْءٍ مَا خَلَا الْجِمَاعَ ، فَقَالَتْ الْيَهُودُ: مَا يَدَعُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ شَيْئًا مِنْ أَمْرِنَا إِلَّا خَالَفَنَا، فَقَامَ أُسَيْدُ بْنُ حُضَيْرٍ، وَعَبَّادُ بْنُ بِشْرٍ فَأَخْبَرَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَالَا: أَنُجَامِعُهُنَّ فِي الْمَحِيضِ ؟ فَتَمَعَّرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَمَعُّرًا شَدِيدًا حَتَّى ظَنَنَّا أَنَّهُ قَدْ غَضِبَ، فَقَامَا فَاسْتَقْبَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَدِيَّةَ لَبَنٍ فَبَعَثَ فِي آثَارِهِمَا فَرَدَّهُمَا فَسَقَاهُمَا، فَعُرِفَ أَنَّهُ لَمْ يَغْضَبْ عَلَيْهِمَا.

تخريج دارالدعوه: انظر حديث رقم: ٢٨٩ وهو مختصر (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 369 ـ صحيح

বাংলা

৩৬৯. ইসহাক্ব ইবনু ইব্রাহীম (রহ.) ..... আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, ইয়াহূদী নারীদের যখন হায়য হত তখন তারা তাদের সাথে একত্রে পানাহার করত না, তাদের সাথে ঘরে একত্রে অবস্থানও করত না। সাহাবীগণ নবী (সা.) -কে এ বিষয়ে জিজ্ঞেস করলে আল্লাহ তা’আলা এ আয়াত “লোকেরা তোমাকে রক্তস্রাব সম্পর্কে জিজ্ঞেস করে, তুমি বলে দাও তা অশুচি”- (সূরা আল বাক্বারাহ্ ২: ২২২) অবতীর্ণ করলেন।
তারপর রাসূলুল্লাহ (সা.) তাদেরকে আদেশ করলেন, তারা যেন তাদের সাথে একত্রে পানাহার করে এবং তাদের সাথে একই ঘরে থাকে, আর যেন তাদের সাথে সঙ্গম ব্যতীত অন্য সব কিছু করে। অতঃপর ইয়াহুদীরা বলতে লাগল, রাসূলুল্লাহ (সা.) কোন ব্যাপারেই আমাদের বিরোধিতা না করে ছাড়বেন না। তখন উসায়দ ইবনু হুযায়র এবং ’আব্বাদ ইবনু বিশর (রাঃ) রাসূলুল্লাহ (সা.) -কে এ সংবাদ দিয়ে বললেন, তা হলে আমরা কি স্ত্রীদের সাথে হায়যের সময় সহবাস করব? তখন রাসূলুল্লাহ (সা.) -এর মুখমণ্ডলের রং বেশ পরিবর্তন হয়ে গেল। এমনকি আমরা ধারণা করলাম, তিনি তাদের প্রতি খুবই রাগান্বিত হয়েছেন। তখন তারা উঠে চলে গেল। ইত্যবসরে রাসূলুল্লাহ (সা.) -এর কাছে হাদিয়্যার দুধ এলো। তিনি (সা.) উক্ত দু’জনের খোঁজে লোক পাঠালেন। সে উভয়কে ফিরিয়ে আনলে, তিনি তাদেরকে তা পান করালেন। তখন বুঝা গেল যে, তিনি তাঁদের ওপর রাগ করেননি।

## English

8. How To Interact With A Menstruating Woman And The Interpretation Of The Saying Of Allah: They Ask You Concerning Menstruation Say: "That Is An Adhu (A Harmful Thing), Therefore, Keep Away From Women During Menses And Go Not Unto Them Till They Are Purified"

It was narrated that Anas said: When one of their womenfolk menstruated, the Jews would not eat or drink with them, or mix with them in their houses. They (the Companions) asked the Prophet of Allah (ﷺ) about that, and Allah, the Mighty and Sublime, revealed the Ayah: They ask you concerning menstruation. Say: That is an Adha (a harmful thing).[1]

So the Messenger of Allah (ﷺ) commanded them to eat and drink with them (menstruating women) and to mix them in their houses, and to do everything with them except intercourse. The Jews said: 'The Messenger of Allah (ﷺ) does not leave anything of our affairs except he goes against it.' Usaid bin Hudair and 'Abbad bin Bishr went and told the Messenger of Allah (ﷺ) and they said: 'Should we have intercourse with them when they are menstruating?' The expression of the Messenger of Allah (ﷺ) changed greatly until we thought he was angry with them, and they left. Then the Messenger of Allah (ﷺ) received a gift of milk, so he sent someone to bring them back and he gave them some to drink, so we knew that he was not angry with them.

[1] Al-Baqarah 2:222

## ফুটনোট

সহীহ: মুসলিম ৩০২, আবূ দাউদ ২৫৮, তিরমিযী ২৯৭৭, ইবনু মাজাহ ৬৪৪, দারিমী ১০৫৩। [দ্রঃ ২৮৮]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86640

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন